গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
খাস জমি-১
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪০.৪১.১২৮.২০.৪০৩

২২ অগ্রহায়ন ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ: ---------------------------
০৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: দক্ষ, স্বচ্ছ, দ্রুত এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে চেকলিস্ট অনুযায়ী অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

বিভিন্নমুখী উন্নয়ন, অবকাঠামো নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ অথবা জেলা প্রশাসন হতে প্রস্তাব পাওয়া যায়। এসব প্রস্তাব বিবেচনার জন্য প্রস্তাবটি পূর্ণাঙ্গ/স্বয়ংসম্পূর্ণ হওয়া আবশ্যক। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এ সমস্ত প্রস্তাবের সঙ্গে প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি সন্নিবেশ করা হয় না। ফলে পুনরায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে প্রয়োজনীয় কাগজ পত্রাদি সংগ্রহ করতে হয়। এতে বন্দোবস্ত প্রদান প্রক্রিয়া বিলম্বিত হয়। এ জন্য দক্ষ, স্বচ্ছ, দ্রুত ও জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যে অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত চেকলিস্ট অনুসরণ করে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

| ক্রমিক নম্বর | আবশ্যকীয় তথ্যাদি |
|---|---|
| ১। | ১.১। আবেদনপত্র/অনুরোধপত্র; |
| | ১.২। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যায়িত এসএ, আরএস ও সর্বশেষ রেকর্ডের অনুলিপি; |
| | ১.৩। প্রস্তাবিত জমির রেকর্ডীয় ও বাস্তব শ্রেণি সম্পর্কে স্পষ্ট মতামত; |
| | ১.৪। প্রস্তাবিত জমির ৫০০ গজ ব্যাসার্ধের অন্তর্ভুক্ত জমির ট্রেসম্যাপ (রঙ্গিন কালি দ্বারা চিহ্নিত); |
| | ১.৫। ট্রেসম্যাপে প্রদর্শিত ৫০০ গজ ব্যাসার্ধের অন্তর্ভুক্ত জমির বিবরণ; |
| | ১.৬। অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের একজন কর্মকর্তা কর্তৃক ভূমির সরেজমিন পরিদর্শন প্রতিবেদন; |
| | ১.৭। প্রস্তাবকালীন সময়ের অব্যবহিত পূর্বের ১২ মাসের বিক্রয় দলিলের তথ্য; |
| | ১.৮। প্রস্তাবিত জমির মূল্য নির্ধারণ সংক্রান্ত প্রতিবেদন (ক্যালকুলেশন শিটসহ); |
| | ১.৯। প্রস্তাবিত জমির ওপর মামলা সংক্রান্ত প্রত্যয়ন (সর্বশেষ অবস্থাসহ); |
| | ১.১০। জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সার-সংক্ষেপ; |
| | ১.১১। ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা/হলফনামা; |
| | ১.১২। প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র; |
| | ১.১৩। পাবলিক ইজমেন্ট সংক্রান্ত প্রত্যয়নপত্র; |
| | ১.১৪। জমির ন্যূনতম চাহিদাপত্র। |
| | ১.১৫। প্রস্তাবিত জমির বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ স্পষ্ট মতামত। |
| ২। | সরকারি দপ্তর/সংস্থার ক্ষেত্রে ক্রমিক নম্বর ১ এর সকল তথ্য এবং<br>(ক) প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনপত্র ;<br>(খ) অর্থের সংস্থান সংক্রান্ত প্রত্যয়নপত্র;<br>(গ) প্রস্তাবিত জমির লে-আউট প্ল্যান। |
| ৩। | ধর্মীয় উপাসনালয়, এতিমখানা, কবরস্থান, শ্মশানঘাট স্থাপন সংক্রান্ত প্রস্তাবের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ছাড়পত্র। |
| ৪। | শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে-<br>(ক) পাঠ দানের অনুমোদন;<br>(খ) একাডেমিক স্বীকৃতি;<br>(গ) এমপিওভুক্ত সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(ঘ) প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা সম্পর্কে তথ্য ভিত্তিক প্রতিবেদন। |
| ৫। | প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে ইত:পূর্বে সরকার কর্তৃক এ সকল ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের বৈধভাবে পুনর্বাসিত করা সংক্রান্ত প্রমানক তথ্য। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে আনীত

| | |
|---|---|
| ৬। | বিশিষ্ট শিক্ষাবিদ, কবি, সাহিত্যিক, মুক্তিযোদ্ধা বা জাতীয় পর্যায়ে নিজ অবদানের জন্য বিশেষ স্বীকৃত ব্যক্তির ক্ষেত্রে প্রমাণক পত্র। |
| ৭। | (ক) কারখানা ও বাড়ি সংলগ্ন জমির বন্দোবস্ত প্রস্তাবের ক্ষেত্রে জন্য নিজস্ব বাড়ি বা কারখানার মালিকানা ও অবস্থান সংক্রান্ত প্রমাণপত্র (দলিল,খতিয়ান ও নামজারিসহ);<br>(খ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক ভূমির সরেজমিন পরিদর্শন প্রতিবেদন। |
| ৮। | ২০ বছরের অধিক সময় সরকারি, আধা-সরকারি চাকুরিরত কর্মকর্তা/কর্মচারী সমবায় সংগঠনের ক্ষেত্রে-<br>(ক) সমবায় সংগঠন হিসেবে সমবায় অধিদপ্তরের নিবন্ধনসহ অন্যান্য প্রমানক কাগজ পত্রাদি:<br>(খ) মেট্রোপলিটন এলাকা বা জেলা শহরে বাড়ি বা বাড়ি করার মত জায়গা নেই মর্মে হলফনামা। |
| ৯। | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা তাঁর পরিবারবর্গের নামে নামকরণকৃত প্রতিষ্ঠানের অনুকূলে খাসজমি বন্দোবস্তের ক্ষেত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অনুমতিপত্র; |
| ১০। | বাণিজ্যিক উদ্দেশ্যে ফুল, ফল, রাবার বাগানের জন্য অকৃষি খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে-<br>(ক) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন;<br>(খ) ইনভেস্টমেন্ট সিডিউল;<br>(গ) আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র);<br>(ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক চাষের জন্য জমির উপযুক্ততার সার্টিফিকেট ;<br>(ঙ) রপ্তানিযোগ্য ফুল চাষের ক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্টিফিকেটসহ প্রমানক দলিলাদি। |

৩। উপরে বর্ণিত চেকলিস্ট যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রত্যেক বন্দোবস্ত মামলার সার-সংক্ষেপ ও আদেশপত্রসহ পূর্ণাঙ্গ নথির দুই সেট ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১৩/১২/2020

(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব
ফোন- +৮৮-০২-৯৫১৫৯৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, ..............................................................।
০৩। অতিরিক্ত সচিব ...................... (সকল), ভূমি মন্ত্রণালয়।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। যুগ্মসচিব ......... ........... (সকল), ভূমি মন্ত্রণালয়।
০৬। জেলা প্রশাসক, ............................. (সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৮। উপসচিব ..................... (সকল), ভূমি মন্ত্রণালয়।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১০। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।
১৩। মাষ্টার কপি।